গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মিশন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৪০.১১.০০১.২৪-২৪

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৩ মে ২০২৬

বিষয়: **বিদেশস্থ বাংলাদেশ মিশনের পাসপোর্ট ও ভিসা উইং- এ কাউন্সেলর (উপসচিব) ও প্রথম সচিব পদে কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি।**

## বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সাংগঠনিক কাঠামোভুক্ত বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন/কনস্যুলেটের পাসপোর্ট ও ভিসা উইং- এ কাউন্সেলর (উপসচিব) ও প্রথম সচিব পদে নিয়োগের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে যোগ্য/আগ্রহী কর্মকর্তার নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| নং | পদ | মিশন ও দেশের নাম | পদের সংখ্যা | আবেদনকারীর যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | কাউন্সেলর (উপসচিব) | **পাসপোর্ট ও ভিসা উইং:** মালে-মালদ্বীপ, প্যারিস-ফ্রান্স, মিলান-ইতালি | ০৩ (তিন)টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং কমপক্ষে ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। | বিদেশে অবস্থানরত/ বসবাসরত বাংলাদেশি নাগরিকদের পাসপোর্ট, ট্রাভেল পারমিট ও বাংলাদেশ ভ্রমণে ইচ্ছুক ব্যক্তিদের ভিসাসহ সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদান সংক্রান্ত। |
| ২ | প্রথম সচিব | **পাসপোর্ট ও ভিসা উইং:** এথেন্স-গ্রীস, লিসবন-পর্তুগাল, মাদ্রিদ-স্পেন | ০৩ (তিন)টি | জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ গ্রেডপ্রাপ্ত এবং কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন সিনিয়র সহকারী সচিব ও সমযোগ্যতা সম্পন্ন বিসিএস ক্যাডার সার্ভিসের কর্মকর্তা। | |

**শর্তাবলী:**

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২২ জুন, ২০২৬খ্রি: তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে নির্ধারিত 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) অনুযায়ী পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবিসহ সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করতে হবে। লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উপসচিব (মিশন শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ভবন নং- ০৮, কক্ষ নং-২১৬, ৩য় তলা) এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনকারীর চাকরি স্থায়ী হতে হবে।

৩। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন দাখিলের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

যুগ্মসচিব (তদন্ত) এর দপ্তর
ডায়েরী নং- ৯ তারিখ: ৪/৬/২৬
☐ উপসচিব (তদ-১) শাখা
☐ উপসচিব (তদ-২) শাখা
☐ ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব (তদ)

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

CamScanner

৪। যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না।

৫। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাদের আবেদন বিবেচনাযোগ্য হবে না।

৬। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নং ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকবে।

৮। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/০৫/২৬

মোহাম্মদ আবুল কালাম
উপসচিব
ফোনঃ ০২-৪৭১২৪৩৩৩
ই-মেইলঃ mission@moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৪০.১১.০০১.২৪-২৪

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৩ মে ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং: ১৫.০০.০০০০.০২৬.১১.০০৩.১৯-৯৮

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৪ জুন ২০২৬

স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বিদেশস্থ বাংলাদেশ মিশনের পাসপোর্ট ও ভিসা উইং-এ কাউন্সেলর (উপসচিব) ও প্রথম সচিব পদে কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

৪/৬/২৬

সালমা হাসনায়েন
উপসচিব
ফোন: ২২৩৩৫৬৬২০
Email: masscom2@moi.gov.bd

উপর্যুক্ত বিজ্ঞপ্তি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ);

০২। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

০৪। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

০৫। অফিস কপি/মাস্টার কপি।

পরিশিষ্ট-১

<u>জীবন বৃত্তান্ত</u>

| পাসপোর্ট সাইজের দুইটি ছবি সংযুক্ত করুন |
|---|

১। নাম ও পরিচিতি নম্বর :

২। বর্তমান আবাসিক ঠিকানা :

৩। স্থায়ী ঠিকানা :

৪। জন্ম তারিখ :

৫। পদবি ও বর্তমান কর্মস্থল :

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :

৭। বর্তমান বেতন স্কেল :

৮। সিনিয়র স্কেল প্রাপ্তির তারিখ ও সরকারি আদেশ নম্বর :

৯। প্রথম শ্রেণির চাকরিতে যোগদানের তারিখ :

১০। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ পর্যন্ত) :

১১। ইতঃপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ :

১২। বিগত ০৫ বছরে যে যে পদে কর্মরত ছিলেন তাঁর নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :

১৩। শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি/সমমান হতে বর্তমান পর্যন্ত সময়ের প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে) :

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিভাগ | পাসের সন | বিভাগ/শ্রেণি/জিপিএ |
|---|---|---|---|---|

১৪। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণী :

| প্রশিক্ষণ | স্থানীয়/বৈদেশিক | প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|---|

১৫। বাংলা/ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :

১৬। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :

১৭। অবিবাহিত/বিবাহিত ও সন্তান সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে) :

১৮। প্রার্থীত পদ ও মিশনের নাম :

১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) :

নাম:
স্বাক্ষর:
পদবি: